চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের

সাহিত্য আসর পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক সাহিত্য আসরের ১৫৪৪ তম পর্ব অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকাল সাড়ে পাঁচটার সময় শহীদ আলাউল হলে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয়।

১৫৪৪তম পর্বে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল । স্বরচিত লেখা পাঠ করেন এম এ হামিদ, মুরশিদ, সার্থক আলীম, সুমন মালিক, বনলতা, শহিদুল ইসলাম, কাজল গুরু, শহিদুল রনি, আবু নাসিফ খলিল, হুমায়ুন কবীর, সুমন ইকবাল, সাইফুল ইসলাম, এম এ মামুন প্রমুখ।

অনুভূতি ব্যক্ত করেন কার্পাসডাঙ্গা নজরুল স্মৃতি সংঘের সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম এবং ডা. হেদায়েত উল্লাহ। চিরায়ত সাহিত্য থেকে লেখা পাঠ করেন হোসেন মোহাম্মদ ফারুক । স্বরচিত লেখার উপর বিশদভাবে আলোচনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান সহয়োগী অধ্যাপক খোন্দকার রোকনুজ্জামান, চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাধারণ সম্পাদক নজির আহমেদ এবং হুমায়ূন কবীর। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ-সাধারণ সম্পাদক সুমন ইকবাল ।

অনুষ্ঠান শেষে উপস্থিত সবাইকে ধন্যবাদ দিয়ে সভাপতি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

আলমডাঙ্গায় মায়ের অভিযোগে

মাদক সেবী ছেলের কারাদন্ড

মায়ের অভিযোগে মাদক সেবী ছেলেকে ১৫ দিনের কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত। আজ বৃহস্পতিবার দুপুর ১২ টার দিকে উপজেলা

সহকারী কমিশনার (ভূমি) আশিস কুমার সাহা এ রায় দেন।

মাদক সেবী সজল আহম্মেদ (৩২) আলমডাঙ্গা পৌর এলাকার গোবিন্দপুর গ্রামের ছের আলীর ছেলে।

আদালত সূত্রে জানাগেছে, সজল দীঘদিন ধরে মাদকদ্রব্য ট্যাপেন্টা সেবন করে আসছে। এতে পরিবার তাকে নিষেধ করলেও কোন নিষেধ শোনে না। মাদক সেবনের টাকার জন্য তার মা সহ পরিবারের লোকজনকে ধরে মারপিট করে। এছাড়া বাড়ির জিনিসপত্র গোপনে বিক্রি করে মাদক সেবন করে। বৃহস্পতিবার সকালে সজলের মা পেতি খাতুন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) আশিস কুমার সাহার নিকট হাজির হন। এমন অভিযোগের ভিত্তিতে সজলকে ১৫ দিনের বিনাশ্রম কারাদন্ড দেন।

উপজেলা সহকারি কমিশনার (ভূমি) আশিস কুমার সাহা বলেন, সজলের মায়ের অভিযোগে পুলিশের সহযোগীতায় তার বাড়ি থেকে সজলকে আটক করা হয়। পরে তার বিছানার নিকট থেকে ২পিস ট্যাপেন্টা উদ্ধার করা হয়। ঘটনাস্থলেই তাকে ১৫ দিনের কারাদন্ড দেওয়া হয়েছে।

দর্শনায় মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্দ্যগে সেমি-পাকা স্বাস্থ্যসম্মত ল্যাটিন স্থাপন

দর্শনায় মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার উদ্দ্যগে কালিদাসপুর ১৬টি পরিবারের মাঝে সেমি-পাকা স্বাস্থ্যসম্মত ল্যাটিন বিনামূল্য স্থাপন করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার, দর্শন্য পৌরসভার ৬নং ওয়ার্ডের কালিদাসপুর গ্রামের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী যাদের কোন স্যানিটেশন ব্যবস্থা নাই। এমন ১৬টি পরিবারের জন্য ১৬টি সেমি-পাকা স্বাস্থ্যসম্মত ল্যাটিন স্থাপন করে দেওয়া হয়েছে। তাদের পরিবারের ১ (এক) জনকে স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ব্যবহার ও রক্ষনাবেক্ষনের উপর এক দিনের ওরিয়েন্টশন প্রদান করা হয়।

প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী,নির্বাহী পরিচালনক মনিরুজ্জামান, এ সময় আরও উপস্থিত ছিলেন, মৌচাক সমাজ উন্নয়ন সংস্থার ম্যানাজার মকবুল হোসেন, সুপারফাইজার জিল্লুর রহমান, আবদুল্লা আল মামুন, বিল্লাল হোসেন।

এ সময় উপকার ভোগীদের মধ্যে হরি বিশ্বাস, গয়েশ্বরী বাল্য, কনিকা নালা, সন্যাসী বিশ্বাস,শ্রী সুফল বিশ্বাস, শ্রীমতি বিসু বালা, অলোকা রানীর বাড়িতে বিনামূল্য একটি করে সেমি পাকা ল্যাটিন স্থাপন করেন। তারা সেমি পাকা ল্যাটিন পেয়ে মৌচাক সমাজ কল্যান সংস্থার সাধুবাদ জানিয়েছে

দামুড়হুদা উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের মাসিক সভা

দামুড়হুদা উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার দুপুর সাড়ে ১২টার দিকে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের সম্মেলন কক্ষে সমন্বয় সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের আয়োজনে সিনিয়র কনসাল্টেন্ট ডাঃ ফজলুল হকের (অ:দা:) সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ হযরত আলী।

দামুড়হুদা উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী কর্মকর্তা হোসনে মোবারক শিলনের সঞ্চালনায় এসময় উপস্থিত ছিলেন উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী আবু সায়েম, ইউনিয়ন পরিদর্শক মতিয়ার রহমান সহ বিভিন্ন ইউনিয়নের পরিদর্শক, সহকারী পরিদর্শক সহ পরিবার পরিকল্পনা বিভাগের সকল ইউনিটে কর্মরত কর্মকর্তা, কর্মচারী বৃন্দ প্রমুখ।

অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন তেলোয়াত করেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিবার পরিকল্পনা পরিদর্শক মোঃ জামশেদ আলী।

মাসিক সমন্বয় সভা শেষে দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদ কে উপজেলার

মধ্যে শ্রেষ্ঠ ইউনিয়ন পরিষদের সম্মাননা দেয়া হয়। এসময় সম্মাননা ক্রেস্ট গ্রহণ করেন দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী। পরে পর্যায়ক্রমে উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের বিভিন্ন ইউনিটে কর্মরত ৫জন কে ও হাউলী মডেল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র কে শ্রেষ্ঠত্বের ক্যাটাগরিতে মনোনিত করা হয়।

দামুড়হুদায় জাতীয় মৎস্য সপ্তাহ পালন

“ভরবো মাছে মোদের দেশ, গড়বো স্মার্ট বাংলাদেশ” এই শ্লোগানকে সামনে রেখে দামুড়হুদায় জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৪ পালনে বিভিন্ন কর্মসূচি হাতে নেয়া হয়েছে।

এ উপলক্ষে আজ বুধবার সকালে এক বর্ণাঢ্য র্যালী বের করা হয়। র্যালীটি উপজেলা পরিষদ চত্বর থেকে শুরু হয়ে ব্রীজমোড়ে শেষ হয়। র্যালী শেষে মাথাভাঙ্গা নদীতে মাছের পোনা অবমুক্ত করা হয়।
পরে সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলা পরিষদ সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু।

বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কেএস তাসফিকুর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান শফিউল কবীর ইউসুফ ও মহিলা ভাইস চেয়ারম্যান তানিয়া খাতুন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা মৎস্য কর্মকর্তা ফারুক মহলদার। অনুষ্ঠানে এছাড়াও উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুন অর রশীদ, ওয়েভ ফাউন্ডেশনের সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, ক্ষেত্র সহকারী হান্নান, অবসরপ্রাপ্ত ক্ষেত্র সহকারী আব্দুর রাজ্জাক,

সাবেক লিভ সাইদ, মনজুর হাসান, ইউনুস আলী প্রমূখ।

দামুড়হুদা উপজেলা প্রশাসন ও উপজেলা মৎস্য দফতরের বাস্তবায়নে অনুষ্ঠিত সপ্তাহব্যাপী বিভিন্ন কর্মসূচির অংশ হিসেবে গত মঙ্গলবার সকালে উপজেলা পরিষদ সভাকক্ষে মৎস্যজীবী ও মৎস্যচাষীদের সাথে মতবিনিময় করার পাশাপাশি উপজেলাব্যাপী মাইকিং করা হয়।

দর্শনায় ৪ টি স্বর্নের বারসহ ২ চাচাতো ভাই আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা কাঁচাবাজার থেকে ৪টি অবৈধ স্বর্ণের বার ও তাদের ব্যবহৃত মোটরসাইকেলসহ ২ জন চোরাকারবারীকে আটক করেছে চুয়াডাঙ্গা ডিটেক্টিভ ব্রাঞ্চ (ডিবি পুলিশ)।

আজ বুধবার (৩১ জুলাই) দুপুর ২টার দিকে একদল ডিবি সদস্য অভিযান চালিয়ে চোরাকারবারীদের কোমরে নীল রঙের কাপড় দিয়ে পেঁচানো স্বর্ণের বার গুলো জনসমক্ষে উদ্ধার করে।

আটক চোরাকারবারীরা হলো দর্শনা পৌরসভার শ্যামপুর গ্রামের ইউসুফ আলী ওরফে তেলা ইউসুফের ছেলে ইসরাফিল (৪০) ও একই গ্রামের রয়েল মন্ডলের ছেলে রেজাউল (৫০)। তারা পরস্পর আপন চাচাতো ভাই।

চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এ্যান্ড অপস) নাজিম উদ্দিন আল-আজাদ ঘটনাস্থলে উপস্থিত হয়ে সাংবাদিকদের জানান, গোপনে খবর পেয়ে এসআই সোহেল রানার নের্তৃত্বে একদল ডিবি সদস্য লোকনাথপুর হতে সন্দেহভাজন দু’চোরাকারবারীকে ধাওয়া করে। তারা কালো রঙের হিরো হোন্ডা সিবিজেড (ঢাকা মেট্রো ল ১৩-৩৬৬৫) মোটরসাইকেল চালিয়ে দর্শনা কাঁচাবাজারে আসলে সেখান থেকে তাদের আটক করা হয়। এরপর তাদের কোমরে নীল রঙের কাপড় দিয়ে পেঁচানো স্বর্ণের বার গুলো জনসমক্ষে উদ্ধার করা হয়। উদ্ধার করা স্বর্ণের বারের ওজন ৪ কেজি ২৫ গ্রাম। যার আনুমানিক মূল্য ৩ কোটি ৮০ লাখ টাকা।

এ ব্যাপারে দর্শনা থানায় আটক দু’চোরাকারবারীর বিরুদ্ধে মামলা এবং উদ্ধারকরে জব্দ করা অবৈধ স্বর্ণের বারগুলো পরীক্ষা শেষে চুয়াডাঙ্গা ট্রেজারী কার্যালয়ে জমা দেয়া হবে বলে তিনি জানান।

দর্শনা পুলিশের মাদক বিরোধী অভিযানে ইয়াবা ও গাঁজাসহ গ্রেফতার ৩

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ১ পিচ ইয়াবা ট্যালেট ও ৫শ গ্রাম গাঁজাসহ ৩ জনকে গ্রেফতার করেছে।

জানাযায় আজ মঙ্গলবার বিকাল ৪ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে, অভিযান চালায় দর্শনার আকন্দ বাড়িয়া ফার্ম পাড়ায়।

এ সময় দর্শনা থানার এসআই(নিঃ) তাকবীন জাহান পলি গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালায় আকন্দবাড়িয়া রশিদার বাড়িতে।

এ সময় পুলিশ রশিদার বসত বাড়ির উঠান থেকে ১শ পিচ ইয়াবা ট্যাবলেটসহ রবিউলের স্ত্রী রশিদা খাতুন (৬৪) ও জীবননগর উপজেলার রায়পুর গ্রামের ইছা হকের ছেলে আনিছুর রহমানকে (৪০) গ্রেফতার করে। তাদের কাছ কেনা বেচার নগদ ১ হাজার ৫৯০ টাকা উদ্ধার করে। অপরদিকে গত সোমবার ভোরে দর্শনা থানার কুড়লগাছি দৃর্গাপুর গ্রামে মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫শ গ্রাম গাঁজাসহ আবুল কালামকে (৩০) গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আবুল কালাম দর্শনা থানার কুড়ালগাছি ইউনিয়নের দৃর্গাপুর গ্রামের মৃত ছুন্নত শেখের ছেলে। আজ মঙ্গলবার তাদের বিরুদ্ধে মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে সোপর্দ করেছে।

আলমডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গায় জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন উপলক্ষে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। প্রতিবছরের ন্যায় এ বছরেও আজ মঙ্গলবার ৩০ জুলাই হতে ৫ আগষ্ট জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৪ উদযাপিত হবে। এ উপলক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

”ভরবো মাছে মোদের দেশ,গড়বো স্মার্ট বাংলাদেশ” এই স্লোগান বাস্তবায়নই এ বছরের মৎস্য সপ্তাহের মূল প্রতিপাদ্য বিষয় সামনে রেখে মৎস্য সপ্তাহ পালিত হবে।

আলমডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ে জাতীয় মৎস্য সপ্তাহ পালনে সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তা ফাতেমা কামরুন্নাহার আঁখি জানান,মাইকিং এর মাধ্যমে প্রচারণা, সড়ক র্যালি, উদ্বোধনী অনুষ্ঠান ও আলোচনা সভা, স্থানীয় পর্যায়ে সফল মাছচাষী ব্যক্তি, উদ্যোক্তা, প্রতিষ্ঠানকে মৎস্য পুরস্কার প্রদান, উপজেলার গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের জলাশয়ে মাছ অবমুক্ত করণ, প্রান্তিক পর্যায়ে মৎস্যচাষী ও মৎসজীবিদের সাথে মতবিনিময়, মৎস্য চাষীদের মাছ চাষ বিষয়ক বিশেষ পরামর্শ সেবা প্রদান, পানির ভৌত রাসায়নিক পরীক্ষা, মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি সাফল্য বিষয় নির্মিত প্রামাণ্য চিত্র প্রদর্শন, উন্মুক্ত জলাশয়ে মাছের পোনা ছাড়া, জাতীয় মৎস্য সপ্তাহের মূল্যায়ন ও সমাপনী অনুষ্ঠিত হবে।

মতবিনিময়ে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা মৎস্য কর্মকর্তা ফাতেমা কামরুন্নাহার আঁখি, অফিস সহকারী মোঃ বেলাল হোসেন, ক্ষেত্র সহকারী এন এ টি পি মোঃ হাবিবুর রহমান, লিফ মোঃ মারুফুল বিশ্বাস অরুপ, আলমডাঙ্গা প্রেস ক্লাবের সভাপতি খোন্দকার শাহ আলম মন্টু, সহ সভাপতি খোন্দকার জামসিদুল হক মুনি, সাধারণ সম্পাদক খোন্দকার হামিদুল ইসলাম আজম, যুগ্ম সাধারণ সম্পাদক তানভীর

সোহেল,সহ সাংগঠনিক সম্পাদক মোঃ বশিরুল আলম ও ক্রীড়া সম্পাদক গোলাম সরওয়ার সদু প্রমূখ

আলমডাঙ্গায় জ্বালানি তেলবাহী ট্রেন লাইনচ্যুত, ৬ ঘন্টাপর উদ্ধার

আলমডাঙ্গায় জ্বালানি তেলবাহী ট্রেন লাইনচ্যুত হয়েছে। এতে সাড়ে তিনশত স্লিপার ক্ষতিগ্রস্থ হয়েছে বলে জানান চুয়াডাঙ্গার উপ-সহকারী প্রকৌশলী (পথ) শ্যামল কুমার দত্ত।

আজ মঙ্গলবার (৩০ জুলাই) সকাল সাড়ে ১০টার দিকে খুলনা থেকে পার্বতীপুর যাবার পথে উপজেলার জেহালা ইউনিয়নের গড়গড়ি গোবিন্দপুর এলাকার মাঠের মধ্যে এ দুর্ঘটনা ঘটে। খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করেছেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) স্নিগ্ধা দাস। এছাড়া ঘটনাস্থলে বর্ডার গার্ড (বিজিবি)র পাশাপাশি নিরাপত্তার জন্য থানা পুলিশের একাধিক টিম মোতায়েন করা হয়।

এ দিকে নাশকতা নাকি দুর্ঘটনা কারণ খতিয়ে দেখতে পাকশি ডিভিশন লেভেল থেকে গঠন করা হয়েছে চার সদস্যের তদন্ত কমিটি।

রেল বিভাগ সূত্রে জানা গেছে, আজ মঙ্গলবার ভোরে খুলনা থেকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী বিজিবি প্রহরায় জ্বালানি তেল নিয়ে পার্বতীপুর উদ্দেশে যাচ্ছিল ট্রেনটি। সকাল সাড়ে ১০ টার দিকে উপজেলার গোবিন্দপুর এলাকায় পৌঁছালে তেল বোঝাই দুটি ট্যাংকারের জয়েন্টের লক খুলে যায়। এতে একটি ট্যাংকার রেল ট্র্যাক থেকে লাইনচ্যুত হয়। এতে রেলের প্রায় সাড়ে তিন শতাধিক স্লিপার ক্ষতিগ্রস্থ হয়।

চুয়াডাঙ্গা উপ-সহকারী প্রকৌশলী (পথ) শ্যামল কুমার দত্ত মেহেরপুর প্রতিদিনকে জানান, তেলবাহী ট্রেনের লাইনচ্যুতির ঘটনায় সাড়ে তিনশতাধিক স্লিপার ক্ষতিগ্রস্থ হয়েছে। দুপুরে উদ্ধারকারী রিলিফ

ট্রেন ঘটনাস্থলে পৌছে লাইনচ্যুত ট্রেনটি উদ্ধার করা হয়েছে। জ্বালানিবাহী ট্রেনটি বিকেল ৪টা নাগাদ পার্বতীপুর উদ্দেশ্যে আলমডাঙ্গা রেলওয়ে স্টেশন ছেড়ে গেছে । তবে কী কারণে দুর্ঘটনা ঘটেছে, তা তদন্ত চলমান রয়েছে।

সহকারী নির্বাহী প্রকৌশলী লাল চাঁদ মিয়া বলেন, তেলবাহী ট্রেন গাড়ি লাইনচ্যুত হওয়ায় পশ্চিম রেলের সহকারী পরিবহন কর্মকর্তাকে আহ্বায়ক করে চার সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) স্নিগ্ধা দাস মেহেরপুর প্রতিদিনকে বলেন, দুর্ঘটনার খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। ট্রেনের তেমন ক্ষয়ক্ষতি হয়নি। তবে কিছু স্লিপার নষ্ট হয়েছে। রেল বিভাগ ইতোমধ্যে রক্ষণাবেক্ষণের কাজ শুরু করেছে। তবে নাশকতা কি না খতিয়ে দেখছে তদন্ত কমিটি।

উদ্ধারকৃত ট্রেনের জ্বালানি ট্যাংকারটি বতমান জিআরপি পুলিশের পাহারায় রয়েছে।

দামুড়হুদায় উপজেলা আইন শৃঙ্খলা বিষয়ক মাসিক সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলা আইন- শৃঙ্খলা, চোরা চালান, নাশকতা, মানবপাচার এবং নারি ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল সোমবার সকাল সাড়ে ১০ টায় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সভাকক্ষে এ মাসিক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে মাসিক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী সহিদুল ইসলাম, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান তানিয়া খাতুন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে এইচ তাসফিকুর রহমান, উপজেলা স্বাস্থ্য ও প. প.

কর্মকর্তা ডাঃ হেলেনা আক্তার নিপা, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবীর, দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা, উপজেলা সমাজ সেবা অফিসার তোফাজ্জেল হোসেন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, উপজেলা শিক্ষা অফিসার আবু হাসান, আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিন, উপজেলা রিসোর্স সেন্টার ইনস্ট্রাক্টর রোকনুজ্জামান, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, হাউলি ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, নাটুদহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম, কুড়ালগাছি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কামাল উদ্দিন, মদনা ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান আঃ রহমান, উপজেলা আনসার ভিডিপি অফিসার মোঃ সাজিদ, উপজেলা যুবউন্নয়ন অফিসার আব্দুল্লাহ আল মামুন, রাজস্ব কর্মকর্তা জাহিদুজ্জামান, ইসলামিক ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার মারিয়া মাহবুবা, কোম্পানি কমান্ডার ঠাকুরপুর বিজিবি সুবেদার সাইফুল ইসলাম, কোম্পানি কমান্ডার মুন্সিপুর বিজিবি নায়েক সুবেদার শ্রী তাপস কুমার, কোম্পানি কমান্ডার দর্শনা বিজিবি আশরাফুল ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এস এম বজলুর রশীদ,দামুড়হুদা পাইলট গালর্স স্কুল এ্যান্ড কলেজ শিক্ষক প্রতিনিধি আব্দুর রাজ্জাক, দামুড়হুদা মডেল সরকারি প্রাঃ বিদ্যালয়ের প্রধান শিক্ষক কুতুব উদ্দিন, উপজেলা মডেল মসজিদের পেশ ঈমাম মুফতী মামুনুর রশীদ প্রমূখ।

সভায় বক্তারা দেশের চলমান পরিস্থিতিতে দামুড়হুদা উপজেলার সার্বিক আইন শৃঙ্খলা নিয়ে সন্তোষ প্রকাশ করেন। আগামীতে সার্বিক বিষয়ে আইন শৃঙ্খলার যেন কোন অবনতি না ঘটে সে জন্য করনীয় শীর্ষক আলোচনা করেন।